মেহেরপুরে ৪০ প্রহরব্যাপী অখণ্ড শ্রী শ্রী তারকব্রহ্ম মহানাম যজ্ঞানুষ্ঠান শুরু

মেহেরপুর শহরের মহিলা কলেজ রোডস্থ শ্রী শ্রী হরিসভা মন্দির প্রাঙ্গণে দেশ মাতৃকা ও বিশ্বজননীর সকল সন্তানের মঙ্গল কামনায় ৪০ প্রহরব্যাপী অখণ্ড শ্রী শ্রী তারকব্রহ্ম মহানাম যজ্ঞানুষ্ঠান শুরু হয়েছে।

গতকাল শনিবার রাত দশটার দিকে প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে এ অনুষ্ঠানের উদ্বোধন করেন, বাবাজী রাধারমন গোস্বামী। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মো: খায়রুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, শ্রী শ্রী হরিসভা মন্দির কমিটির সভাপতি বিকাশ সাহা, সহ-সভাপতি রঞ্জিত কুমার দাস, সম্পাদক কিশোর পাত্র, সহ-সম্পাদক মদন কর্মকারসহ মন্দির কমিটির উপদেষ্টা দ্বিজেন্দ্রনাথ বিশ্বাস ও গোবিন্দ হালদার।

ধর্মীয় এ আয়োজনকে কেন্দ্র করে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে পুরো মন্দির প্রাঙ্গণে।